



কবিতা

স্বরূপ

আবিদ রাজ্জাক ইচুয়ালী

=====

নিজেও কিছু করেনা
দ্বীনের লাগি লড়ে না,
শুধু খুঁজে ফেরে দোষ ।

হীন মন্যতায় ভোগে
আর হিংসা নামক রোগে,
বাড়ে দীলের আফসোস ।

যে জ্বালায় দ্বীনের আলো,
আল্লাহর রাহে সেইতো ভালো,
নিষ্ঠাবান প্রহরী সজাগ ।

প্রভুর দেয়া জীবন ধর্মে
যে কাটায় পূণ্য কর্মে,
সহযোগী হয়ে তার, নাও কিছু ভাগ ।

পূণ্য কর্মে উদ্যোগী মন,
কেবা তারে করে বারণ ।
নীচুমনা হয় শুধু ক্ষোভেতে পাথর ।

পূণ্য কর্মে ধন্য বীর
সদাই থাকে উচু শির,
ক্ষতির বোঝা বয়,যারা পরশ্রীকাতর ।

=====

এমন যদি ভাবে
কাজী হায়াত মাহমুদ

ওরা যদি ভাবে এমন,
মুসলমানদের করবে দমন
ধরা হইতে ঈমান আমল করিবে নির্মূল ।

বলতে পারি আমি তবে
ওদের আশা মিছেই হবে
নিজের ফাঁদে পড়বে নিজে ভুল করিবে ভুল ।

খোদাদ্রোহী দেশে দেশে
শাস্তি পেল অবশেষে
এমন অনেক প্রমাণ আছে স্বাক্ষী ইতিহাস ।

আগুন নিয়ে খেলতে গিয়ে
মরবে ওরা দক্ষ হয়ে
পাপ অগ্নিতে নিজেই নিজের আনবে সর্বনাশ ।

বলতে বড় দুঃখ যে হয়
ভূত চেপেছে ওদের মাথায়
ওদের উপর শয়তান এসে ভর করেছে ভর ।

তাইতো ওরা সৃষ্টির বুকে
স্রষ্টার বিরুদ্ধে উঠছে রুখে
ধর্মের নামে মিথ্যে বাজে করছে অনন্তর ।

কুরআন, হাদীস, আল্লাহ নবী,
মোদের কাছে অনেক দামী ।
পাক কালেমার মন্ত্র মোদের শক্তি, সাহস বল ।

আসুক বাঁধা পাহাড় সমান,
ডরায় না তা বীর মুসলমান
দীন ইসলামকে রাখব মোরা চির সমুজ্জল ।
